গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট অধিশাখা-১

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | চলতি ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বাজেটের প্রাক্কলন তৈরী ও পরীক্ষা নিরিক্ষা সংক্রান্তে বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ। |
| স্থান | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০১/০১/২০২০, দুপুর ১২.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য উপসচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। উপসচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও অনুন্নয়ন খাতে প্রস্তাবিত বাজেট পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৪। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে আগামী ২০১৯-২০২০ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত ৪৩৩৮,৫৯,৮৫,০০০/- **(চার হাজার তিনশত আটত্রিশ কোটি উনষাট লক্ষ পঁচাশি হাজার)** টাকার চাহিদার যৌক্তিকতা নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

(ক) জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ এর প্রতিনিধি জনাব দেবাশিষ কুমার দাশ, সিনিয়র সহকারী প্রধান জানান যে, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে উন্নয়ন বাজেটে অতিরিক্ত ২৬৯,৩২,৭২,০০০/- (দুইশত উনসত্তর কোটি বত্রিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(খ) বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জনাব আবু হাসান মুহাম্মদ তারিক, ডিআই জি (অর্থ ও উন্নয়ন) জানান যে, নতুন নতুন ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ,পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ /ক্রয়, ভুমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(গ) বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি লেঃ কর্ণেল মোঃ খিজির খান, পরিচালক জানান যে, সেন্ট মার্টিনের অবকাঠামো ও সরঞ্জাম ক্রয়, সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইক্যুপমেন্ট ক্রয় ও স্থাপন, যানবাহন ক্রয়, গাজীপুর জেলায় বিজিবির নতুন ইউনিট গঠন এর ফলে ভুমি অধিগ্রহণ, বিজিবি পুনর্গঠন, এয়ার উইং এর প্রয়োজনীয় অবকাঠামো ও সরঞ্জাম ক্রয়, অবকাঠামো স্থাপন, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয়, আবাসিক ভবন ও অনাবসিক ভবন মেরামত, অন্যান্য ভবন স্থাপনা নির্মাণ, বৈদ্যুতিক স্থাপনা স্থাপন এবং নবসৃষ্ট ডগ স্কোয়াড খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(ঘ) বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি পরিচালক(অর্থ),জনাব মসাহিদুজ্জামান যে, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন নাই। তবে ৩০ কোটি টাকা সমর্পণ করা যাবে।

(ঙ) বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি এ এম কুরতউল্লা পরিচালক (লজিস্টিক) জানান যে, জলযান মেরামত, অন্যান্য ভবন ও স্থাপনা নির্মাণ,যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, মেরামত ও সংরক্ষন এবং ভূমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি জনাব মোঃ ওবায়েদ উল্লাহ, উপ পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দিয়ে চলবি অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন নাই।

(ছ) এনটিএমসি'র প্রতিনিধি কর্ণেল মোঃ জাহিদ হোসেন, অতিরিক্ত পরিচালক(অপস) জানান যে, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Vehicle Mounted Mobile এর শুল্ক করাদি পরিশোধ এবং Vehicle Mounted Data Interceptor ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

চলমান পাতা-২

(জ) চলতি ২০১৯-২০২০ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা ঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্র নং | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | অতিরিক্ত দাবী ২০১৯-২০২০ | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ১ | সচিবালয়/ জননিরাপত্তা বিভাগ | - | - |
| ২ | তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল | - | - |
| ৩ | এনটিএমসি | ৩৩৮,২৬,৭৮ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Vehicle Mounted Mobile এর শুল্ক করাদি পরিশোধ এবং Vehicle Mounted Data Interceptor ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৪ | বাংলাদেশ পুলিশ | ২৬৯৫,৪৯,৮৬ | নতুন নতুন ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ,পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ /ক্রয়, ভুমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৫ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৯৩৬,৫৪,৭১ | সেন্ট মার্টিনের অবকাঠামো ও সরঞ্জাম ক্রয়, সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইকুযপমেন্ট ক্রয় ও স্থাপন, যানবাহন ক্রয়, গাজীপুর জেলায় বিজিবির নতুন ইউনিট গঠন এর ফলে ভুমি অধিগ্রহণ, বিজিবি পুনর্গঠন, এয়ার উইং এর প্রয়োজনীয় অবকাঠামো ও সরঞ্জাম ক্রয়, অবকাঠামো স্থাপন, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয়, আবাসিক ভবন ও অনাবসিক ভবন মেরামত, অন্যান্য ভবন স্থাপনা নির্মাণ, বৈদ্যুতিক স্থাপনা স্থাপন এবং নবসৃষ্ট ডগ স্কোয়াড খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৬ | বাংলাদেশ কোষ্ট গার্ড | ৯৮,৯৫,৭৮ | বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি এ এম কুরতউল্লা পরিচালক (লজিষ্টিক) জানান যে, জলযান মেরামত, অন্যান্য ভবন ও স্থাপনা নির্মাণ,যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, মেরামত ও সংরক্ষন এবং ভুমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৭ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | - | - |
| ৮ | উন্নয়ন প্রকল্পের জন্য | ২৬৯,৩২,৭২ | বাংলাদেশ পুলিশের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| মোট অতিরিক্ত দাবী | | ৪৩৩৮,৫৯,৮৫ | - |
| **কথায়= (চার হাজার তিনশত আটত্রিশ কোটি উনষাট লক্ষ পঁচাশি হাজার)টাকা** | | | |

০৪। দপ্তর/অধিদপ্তরের উপর্যুক্ত অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসু কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাবর্হিভূত। তবে দেশের আইন শংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধও পুলিশের নতুন ইউনিট গঠন এবং আগামী নির্বাচনে দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা করে তার ক্রয় কার্য এ অর্থ বছরেই শেষ করতে হবে। প্রয়োজনীয় ব্যাখ্যা ও যৌক্তিকতা সহ অগ্নিনির্বাপণ ও দুর্ঘটনার আশু সমাধান, মাদক দ্রব্যের বিস্তার রোধ, বাজেট সিলিং বর্ধিত করণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় প্রদত্ত সিলিং এর মধ্যে চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের অনুন্নয়ন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ-

(১) চলতি ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, অনুন্নয়ন এবং উন্নয়ন বাজেটের অতিরিক্ত চাহিদা অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৯-২০২০ অর্থবছরের জন্য প্রদত্ত বাজেট সিলিং এর অতিরিক্ত বরাদ্দের যৌক্তিক দাবী অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

চলমান পাতা-৩

নং-৪৪.০০.০০০০.০২৪.০৬.০৮৭.২০১৯- তারিখঃ ০১/০১/২০২০খ্রিঃ

১। ----------------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

নং-৪৪.০০.০০০০.০২৪.০৬.০৮৭.২০১৯- ০৪/১৮(৪) তারিখঃ ০১/০১/২০২০খ্রিঃ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০২/০১/2020

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব